

স্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা বিভাগ

কোর্স : ইউ.জি - ৪.৩

বিষয় : উনিশ শতকের বাংলা সাহিত্য, পর্ব - ১

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

সব প্রশ্নের মান সমান

- ১। উনবিংশ শতাব্দীর বঙ্গীয় নবজাগরণ মাইকেল মধুসূদন দত্তের কবিমানসকে কীভাবে প্রভাবিত করেছিল আলোচনা করো।  
১০  
অথবা
- ২। বাংলা সাহিত্যিক মহাকাব্যের ধারায় 'মেঘনাদবধ কাব্যের' গুরুত্ব নির্ণয় করো।  
১০
- ৩। 'সধবার একাদশী' নাটকের নিমচাঁদ চরিত্রটি স্ববিরোধের কারণেই এই ট্র্যাগিক প্রহসনের নায়ক — যুক্তি দিয়ে পক্ষে বা বিপক্ষে মত দাও।  
১০  
অথবা
- ৪। 'কৃষ্ণকুমারী' নাটকে কৃষ্ণকুমারী চরিত্রটি লোভ, ঈর্ষাজনিত চক্রান্ত এবং রাজনৈতিক স্বার্থের শিকার মাত্র — এই বক্তব্যের সঙ্গে তুমি কি সহমত হবে? যুক্তি দিয়ে অভিমত জানাও।  
১০
- ৫। গিরীন্দ্রমোহিনী দাসীর 'বঙ্গমহিলাগণের হীনাবস্থা' কবিতায় ও বিহারীলাল চক্রবর্তীর 'চির-পরাধিনী' কাব্য্যাংশে খাঁচা ও পাখির অনুষঙ্গ বারবার ফিরে এসেছে কেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।  
১০  
অথবা
- ৬। উনিশ শতকের মহিলা কবিদের রচনায় একটি বিকল্প যাপনের ভাবনা বারবার উঠে এসেছে কেন? তোমার পাঠ্য অবলম্বনে আলোচনা করো।  
১০
- ৭। বিধবাবিবাহের সমর্থনে বিদ্যাসাগর যে ধর্মীয় যুক্তি ব্যবহার করেন তার মধ্যে তাঁর ধর্মীয় বিশ্বাসের প্রতিফলন নেই, সেই যুক্তি আসলে এক সামাজিক লড়াইয়ের কৌশল হিসেবে ব্যবহৃত হয় মাত্র। এ কথা কি তুমি মানবে? তোমার পঠিত প্রবন্ধ অবলম্বনে নিজের মতামত দাও।  
১০  
অথবা
- ৮। স্বামী বিবেকানন্দ-এর 'পরিব্রাজক' গ্রন্থটি নিছক একটি ভ্রমণ-কথা নয়, এটি লেখকের ভারতবোধের এক আশ্চর্য দলিল। তোমার পঠিত প্রবন্ধ অবলম্বনে এই বিষয়ে তোমার মতামত জানাও।  
১০

★ ★ ★